



**বিমান**  
**বাংলাদেশ এয়ারলাইনস লিমিটেড: Biman BANGLADESH AIRLINES LTD.**

H. S. INTERNATIONAL AIRPORT, KURMITOLA, DHAKA-1229, BANGLADESH, PHONES: 8901500-19, 8901640-54, www.biman-airlines.com

প্রকিউরমেন্ট এন্ড লজিস্টিক সাপোর্ট পরিদপ্তর

প্রকিউরমেন্ট বিভাগ

দরপত্র

সি এন্ড এফ এজেন্ট নিয়োগ বিজ্ঞপ্তি

দরপত্র নং-ঢাকপিআই/সিএন্ডএফ এজেন্ট/০১/সী/২০২০-২১/১০৬


তারিখ: ২২/০৩/২০২০খৃঃ

বিমান বাংলাদেশ এয়ারলাইনস লিমিটেড কর্তৃক সমুদ্র পথে যথাক্রমে চট্টগ্রাম ও আইসিডি কমলাপুর ঢাকা এর মাধ্যমে আমদানিতব্য বিভিন্ন প্রকার যন্ত্র/যন্ত্রাংশ/মালামাল/দ্রব্যাদি/ পোলিই মালামাল ইত্যাদি কাস্টম খালাসের নিমিত্তে ০২(দুই) বৎসর মেয়াদে নিয়োগের জন্য প্রকৃত সিএন্ডএফ এজেন্টগণের নিকট হইতে এক খাম পদ্ধতিতে সীলমোহরকৃত দরপত্র আহ্বান করা যাইতেছে। বৈধ সিএন্ডএফ এজেন্ট লাইসেন্স এবং ট্রেড লাইসেন্সের অধিকারী কমপক্ষে ৩ (তিন) বৎসরের অভিজ্ঞতা সম্পন্ন সিএন্ডএফ এজেন্টগণই কেবলমাত্র দরপত্রে অংশগ্রহণ করিতে পারিবেন।

দরপত্রের সকল শর্ত ও নিয়মাবলীসহ দরপত্র সিডিউল ১,০০০.০০ (এক হাজার) টাকা (অফেরৎযোগ্য) প্রদান পূর্বক ব্যবস্থাপক, ক্যাশ এন্ড ব্যাংকিং, বিমান প্রধান কার্যালয়, বলাকা ভবন (নীচতলা), হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর ঢাকা হইতে নিজস্ব লেটার হেড প্যাডে আবেদন পূর্বক আগামী ২৫/০৩/২০২০খৃঃ হইতে ১৯/০৪/২০২০খৃঃ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে ক্রয় করা যাইবে।

আমদানি ও রপ্তানি শাখা, বিমান প্রশাসনিক ভবন (২য় তলা), হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, কুর্মিটোলা, ঢাকায় রক্ষিত টেন্ডার বাক্সে আগামী ২০/০৪/২০২০খৃঃ তারিখে বেলা ১২০০ ঘটিকা (স্থানীয় সময়) পর্যন্ত সীলমোহরকৃত দরপত্র গৃহীত হইবে এবং ঐ দিনই প্রশাসনিক ভবনের ২য় তলায় মিনি কনফারেন্স রুমে (রুম নং-২০৭) দুপুর ১৪০০ ঘটিকায় (স্থানীয় সময়) দরদাতাগণের উপস্থিতিতে (যদি কেউ উপস্থিত থাকেন) দরপত্র বাস্তব খোলা হইবে। ডাক/ফ্যাক্স/ই-মেইল যোগে প্রেরিত কোন দরপত্র গ্রহণযোগ্য হইবে না।

বিমান বাংলাদেশ এয়ারলাইনস লিমিটেড কোন কারন দর্শানো ব্যতিরেকেই যে কোন বা সকল দরপত্র গ্রহণ কিংবা বাতিল করিবার অধিকার সংরক্ষণ করে।



মোঃ সারোয়ার হোসেন  
ব্যবস্থাপক বানিজ্যিক সম্ভার